

২০২০-২০২১ অর্থ-বছরে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের গবেষণা অনুদানের জন্য আবেদন আহ্বান


বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশনের আওতায় ১ বছর মেয়াদী গবেষণা প্রকল্পে কমিশনের নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

- (ক) আবেদনকারীকে অবশ্যই পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হতে হবে;
- (খ) পিএইচডি ডিগ্রিধারী প্রভাষক এবং সহকারী অধ্যাপক থেকে অধ্যাপকগণ আবেদন করতে পারবেন;
- (গ) মঞ্জুরী কমিশনের অর্থায়নে প্রকল্প চলমান থাকলে আবেদন করার প্রয়োজন নেই;
- (ঘ) একই প্রকল্প প্রস্তাব একাধিক ক্যাটাগরিতে দাখিল করা যাবে না;
- (ঙ) গবেষণা অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে নীতিমালায় উল্লিখিত সকল শর্ত ও নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;
- (চ) আবেদনকারীকে আবশ্যিকভাবে তথ্য ছক পূরণপূর্বক তাঁর সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত এবং বিগত ০৫ (পাঁচ) বছরে সম্পাদিত গবেষণা প্রকল্প/প্রকাশনার তালিকা জমা দিতে হবে;
- (ছ) কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং বিজনেস স্টাডিজ শাখার জন্য প্রস্তাবিত বাজেট ২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকা এবং জীব/ভৌত/রসায়ন/চিকিৎসা/প্রকৌশল/কৃষি বিজ্ঞান (ফ্রেপ সায়েন্স ও লাইফ সায়েন্স) শাখার জন্য প্রস্তাবিত বাজেট ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে;
- (জ) প্রকল্প প্রস্তাবের ৪ কপি আবেদন (হার্ড কপি) বিভাগীয় প্রধান/ইনস্টিটিউট প্রধান/অনুষদের ডিন এর দ্বারা অনুস্বাক্ষরিত হওয়ার পর রেজিস্ট্রারের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় আগামী ১৫ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে;
- (ঝ) প্রকল্প প্রস্তাবের সফট কপি Microsoft Office Word ফরমেটে সংশ্লিষ্ট ক্যাটাগরি অনুযায়ী নিম্নলিখিত ই-মেইল ঠিকানায় পাঠাতে হবে;

ই-মেইল ঠিকানা:

- ১। কলা ও মানবিক : arts\_humanities.rsp@ugc.gov.bd
- ২। সামাজিক বিজ্ঞান : social\_science.rsp@ugc.gov.bd
- ৩। বিজনেস স্টাডিজ : business\_studies.rsp@ugc.gov.bd
- ৪। কৃষিবিজ্ঞান  
ক) ফ্রেপ সায়েন্স (কৃষি, কৃষি অর্থনীতি ও কৃষি প্রকৌশল) : crop\_science.rsp@ugc.gov.bd  
খ) লাইফ সায়েন্স (ভেটেরিনারি, পশুপালন ও ফিসারিজ) : life\_science.rsp@ugc.gov.bd
- ৫। জীববিজ্ঞান : biological\_science.rsp@ugc.gov.bd
- ৬। রাসায়নিক বিজ্ঞান : chemical\_science.rsp@ugc.gov.bd
- ৭। প্রকৌশল ও প্রযুক্তি : engineering\_science.rsp@ugc.gov.bd
- ৮। চিকিৎসাবিজ্ঞান : medical\_science.rsp@ugc.gov.bd.
- ৯। ভৌতবিজ্ঞান : physical\_science.rsp@ugc.gov.bd

(এও) গবেষণা প্রকল্পের আবেদনপত্রের ফরম, তথ্য ছক এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাবলি ইউজিসি ওয়েব সাইট (www.ugc.gov.bd)-এর “গবেষণা সহায়তা মঞ্জুরী” সেবা বক্সে পাওয়া যাবে।

  
০২.১০.২০২০

মোঃ ওমর ফারুক  
পরিচালক (চলতি দায়িত্ব)  
রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন  
ফোন : ৫৮১৬০২০৮  
Email: omarfaruqueugc@gmail.com